বিমান দুর্ঘটনায় নিহত-আহত শিক্ষার্থীদের জন্য মেহেরপুরে বিএনপির দোয়া মাহফিল

রাজধানীর উত্তরায় বাংলাদেশ বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের ঘটনায় মাইলস্টোন স্কুলের নিহত শিক্ষার্থীদের রুহের মাগফিরাত এবং আহতদের দ্রুত সুস্থতা কামনায় দোয়া মাহফিলের আয়োজন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

মঙ্গলবার বিকেলে পৌর কমিউনিটি সেন্টারে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এ সময় তিনি বলেন, একটি নতুন বাংলাদেশ নির্মাণের স্বপ্ন এদেশের ১৮ কোটি মানুষ দেখেছিল। এই জুলাই মাসে বিজয় উৎসব এবং স্বৈরাচারীর পতনের এই দিনক্ষণ ঠিক করে আবার নতুন ধারায় বাংলাদেশ নির্মাণ, সমাজ নির্মাণের চেষ্টায় আছি। ঠিক সেই মুহূর্তে মাইলস্টোন স্কুলে বিমান দুর্ঘটনায় ছোট ছোট শিশুদের মৃত্যু আমাদের আবার ভাবিয়ে তুলেছে। এই বেদনা আমরা আর কতদিন সইবো? আমরা দিন বদলাতে চাই।

তিনি আরো বলেন, ৫৪ বছরের ইতিহাসে এই মাস স্বর্ণাক্ষরে লেখা থাকার কথা এবং লেখা থাকবে। গত বছর এই জুলাই-আগস্টে ছাত্র-জনতা রক্তে রঞ্জিত হয়ে আমরা স্বৈরাচারী সরকারকে বিদায় করেছিলাম। আমরা স্বপ্ন বুনেছিলাম একটা নতুন বাংলাদেশের।

দোয়া মাহফিলে আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, জেলা তাঁতিদলের সভাপতি আরজুল্লাহ মাস্টার বাবলু ও সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান জুয়েল, পৌর যুবদলের সদস্য সচিব নওশেল আহমেদ রনি প্রমুখ।

বিমান দুর্ঘটনায় নিহতদের জন্য মোনাজাত পরিচালনা করেন মেহেরপুর

বোসপাড়ার বায়তুল ফালাহ জামে মসজিদের ইমাম মাওলানা সিরাজ উদ্দিন।

মেহেরপুরে মরা গরু জবাই করে মাংস বিক্রি, কসাইকে কারাদণ্ড

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামে মরা গরু জবাই ও মাংস বিক্রির চেষ্টার অভিযোগে মো. হামজা নামের এক কসাইকে ৩ মাসের কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার (২২ জুলাই) দুপুরে পিরোজপুর গ্রামে অভিযান চালিয়ে মোবাইল কোর্ট বসিয়ে এ দণ্ড প্রদান করেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. খায়রুল ইসলাম।

সাজাপ্রাপ্ত মো. হামজা সদর উপজেলার পিরোজপুর পশ্চিমপাড়া গ্রামের বরকত আলীর ছেলে।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক জানান, গোপন সংবাদের ভিত্তিতে পিরোজপুর গ্রামে অভিযান চালিয়ে মরা গরু জবাই ও মাংস শহরে সরবরাহের প্রস্তুতির সময় মো. হামজাকে মাংসহ আটক করা হয়।
পরে পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন, ২০১১-এর ২৪(১) ধারায় তাকে ৩ মাসের কারাদণ্ড প্রদান করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনার সময় মেহেরপুর সদর উপজেলার স্যানিটারি ইন্সপেক্টর তরিকুল ইসলাম ও সদর থানা পুলিশের একটি দল উপস্থিত ছিলেন।

মেহেরপুরের সাবেক পৌর মেয়র রিটনের একদিনের রিমান্ড

মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটনকে কারাগারে পাঠানো হয়েছে।

মঙ্গলবার (২২ জুলাই) দুপুরে কড়া নিরাপত্তার মধ্যে তাকে মেহেরপুর কারাগারে পাঠানো হয়।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের দায়ে দায়েরকৃত একটি মামলায় সম্প্রতি তাকে ঢাকা পুলিশ রাজধানী থেকে আটক করে। মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে রিটনকে হাজির করা হয়।

আদালতে শুনানিকালে পুলিশের পক্ষ থেকে রিটনের সাত দিনের রিমান্ড আবেদন করা হয়। যুক্তিতর্ক শেষে অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট নাসির উদ্দিন ফারাজী তাকে এক দিনের রিমান্ড মঞ্জুর করেন।

এদিকে, অপর একটি মামলায় বুড়িপোঁতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সদস্য শাহজামানকে আদালতে হাজির করা হয়।

মাইলস্টোন ট্র্যাজেডি: মুজিবনগরে আহত-নিহতদর জন্য দোয়া

বিমান বিধ্বস্তে আহত ও নিহতদের স্মরণে মেহেরপুরের মুজিবনগরে দোয়া মাহফিলের আয়োজন করেছে মানবিক সেবায় নিয়োজিত ব্লাড সোসাইটি।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে দারিয়াপুর বালিকা বিদ্যালয় ও ডঃ জামাল উদ্দিন মডেল একাডেমীর হলরুমে এই দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে ব্লাড সোসাইটি মেহেরপুর জেলা শাখার পরিচালক সোহাগ আলী, দারিয়াপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনারুল ইসলাম এবং ডঃ জামাল উদ্দিন মডেল একাডেমীর প্রধান শিক্ষক গোলাম মোর্তজা উপস্থিত ছিলেন।

দোয়া মাহফিলে দুই প্রতিষ্ঠানের বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। সকলেই আহতদের সুস্থতা ও নিহতদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাতে অংশ নেন।

মেহেরপুরে এক যুবকের মরদেহ উদ্ধার

মেহেরপুর শহরের গড়পাড়া এলাকায় একটি বাড়ি থেকে এক যুবকের মরদেহ উদ্ধার করেছে ফায়ার সার্ভিসের একটি দল।
আজ মঙ্গলবার সকাল ১০টার দিকে ইদ্রিস হাজীর বাড়ি থেকে লাশটি উদ্ধার করা হয়।

জানা যায়, নিহত ব্যক্তি হরিরামপুর গ্রামের মিজানুর রহমানের ছেলে প্রিন্স (১৭)।

ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শামীম রেজা জানান, আমরা সংবাদ পাই যে গড়পুকুরের পূর্বপাশে একটি বাড়িতে একজন যুবক দরজা বন্ধ করে আটকে আছেন। উদ্ধার করতে দরজা ভাঙার প্রয়োজন হবে এমন অনুরোধ পেয়ে আমরা ঘটনাস্থলে যাই। দরজা ভেঙে ভেতরে ঢুকে দেখি, যুবক ফাঁস নিয়ে মারা গেছেন।

এ ঘটনায় আইনশৃঙ্খলা বাহিনী তদন্ত শুরু করেছে।

রাজনীতির শ্রমিক: আদর্শহীন আনুগত্যের নতুন নাম

দেশের রাজনৈতিক পরিসর এক আশ্চর্য রূপান্তরের মধ্য দিয়ে যাচ্ছে। গণতন্ত্রের চর্চা, মত প্রকাশের অধিকার ও জনগণের অংশগ্রহণ এখন অনেকটাই প্রতীকী। এর পরিবর্তে সামনে এসেছে এমন একটি বাস্তবতা, যেখানে রাজনীতির মূল চালিকাশক্তি হয়ে উঠেছে একটি বিশেষ শ্রেণি “রাজনীতির শ্রমিক”। এরা আদর্শের নয়, আনুগত্যের ভিত্তিতে রাজনীতিতে সক্রিয়; এবং তাঁদের রাজনৈতিক ভূমিকা অধিকাংশ সময়েই সীমাবদ্ধ থাকে ক্ষমতার পক্ষে শ্রম প্রদান ও প্রতিপক্ষ দমনে সক্রিয় অংশগ্রহণে।

বাংলাদেশের রাজনীতিতে নতুন নেতৃত্বের সংকট এখন গভীর বাস্তবতা। স্বাধীনতার পর থেকে এদেশের রাজনীতিতে বেশ কয়েকটি প্রজন্ম নেতৃত্ব দিয়েছে। কিন্তু সাম্প্রতিক বছরগুলোতে এক ধরনের স্থবিরতা লক্ষণীয় নেতৃত্ব কাঠামো পুরোনো, মুখ একই, কণ্ঠস্বরও চেনা। প্রশ্ন উঠছে: আজকের তরুণেরা কোথায়? ভবিষ্যতের নেতৃত্ব কোথা থেকে আসবে?

এক সময়ের ছাত্র রাজনীতি ছিল স্বাধীনতার সংগ্রাম, গণতন্ত্র প্রতিষ্ঠা, ও জনসচেতনতা বৃদ্ধির মূল প্ল্যাটফর্ম। আজ তা অনেক ক্ষেত্রেই সহিংসতা, চাঁদাবাজি ও দলীয় আজ্ঞাবহতায় পরিণত হয়েছে। আদর্শিক রাজনীতির জায়গায় এসেছে ব্যক্তিকেন্দ্রিক উপার্জনের চিন্তা। ফলে তরুণদের মধ্যে রাজনীতিকে ক্যারিয়ার হিসেবে দেখার আগ্রহ কমে গেছে। যেসব তরুণ এখন নেতৃত্ব দিচ্ছেন তারাও বিতর্কে জড়িয়ে পড়ছেন।

শেখ হাসিনা দীর্ঘ সময় ধরে শাসন ব্যবস্থায় থাকার ফলে মাঠপর্যায়ে এক ধরনের ‘দলভিত্তিক শ্রম বাজার” গড়ে উঠেছে। এখানে রাজনীতিকরা আদর্শিক বক্তব্য দেন না; বরং নেতা কী বলছেন, তা অন্ধভাবে অনুসরণ করাই যেন একমাত্র কাজ। শোডাউন, মিছিল, পোস্টার লাগানো, এমনকি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার চালানো পর্যন্ত সবই এখন একপ্রকার পেশা, যার বিনিময়ে পাওয়া যায় পদ, সুযোগ বা সরাসরি আর্থিক সুবিধা।

কেবলই ক্ষমতা রক্ষার উপকরণে পরিণত হবে। গণতন্ত্র থাকবে শুধু ভোটের দিনটিতে, আর বাকিটা সময় থাকবে নির্দিষ্ট দলের মুখপাত্রদের হাতে যাঁরা আদর্শ নয়, নির্দেশ পালন করতেই উৎসাহী।

সেই দায় দলগুলোর যেমন, তেমনি সমাজ ও নাগরিকদেরও। এখনই সময় প্রশ্ন তোলার, জবাব চাওয়ার, এবং নতুন এক রাজনীতি কল্পনার। যেখানে মানুষ হবে রাজনৈতিক শক্তির কেন্দ্র্র, আর রাজনীতি হবে মত, বিবেক ও মূল্যবোধের জায়গা শ্রম বিক্রির নয়।

দলগুলোর অভ্যন্তরীণ কাঠামোতে গণতন্ত্রের অভাব যেমন নতুন নেতৃত্ব ঠেকিয়ে রাখে, তেমনি জাতীয় রাজনীতিতে বিরোধী মতকে দমন করার প্রবণতা রাজনীতিকে একমাত্রিক করে তোলে। ভিন্নমতের বিকাশ না থাকলে নেতৃত্বের বিকাশও থেমে যায়।

নতুন নেতৃত্ব গড়তে হলে- দলীয় নেতৃত্বে গণতন্ত্র ফিরিয়ে আনতে হবে। নেতৃত্ব নির্বাচন হতে হবে ভোটের মাধ্যমে, নিযুক্তির মাধ্যমে নয়। ছাত্র রাজনীতিকে আদর্শভিত্তিক ও শিক্ষাবান্ধব করতে হবে। ক্যাম্পাসে নিয়মিত ও নিরপেক্ষ ছাত্র সংসদ নির্বাচন চালু করা জরুরি।

নতুন নেতৃত্বের জন্য প্ল্যাটফর্ম তৈরি করতে হবে। মিডিয়া, সেমিনার, গবেষণা ও নীতি আলোচনা সভায় তরুণদের অন্তর্ভুক্তি বাড়াতে হবে।
রাজনীতিকে পেশাগতভাবে সম্মানজনক করতে হবে। দুর্নীতি ও সহিংসতা থেকে মুক্ত করে এটিকে আকর্ষণীয় ও নৈতিক জায়গায় ফিরিয়ে আনা দরকার।

বিরোধী মতের প্রতি সহনশীলতা বাড়াতে হবে। গণতন্ত্র মানে শুধু নির্বাচন নয়, বরং প্রতিটি স্তরে ভিন্নমতের সহাবস্থান। বাংলাদেশের জনসংখ্যার বড় একটি অংশ তরুণ। এরা যদি রাজনীতির বাইরেই থাকে, তাহলে নেতৃত্বের সংকট কেবল আরও গভীর হবে। রাজনৈতিক দল, সুশীল সমাজ ও শিক্ষাপ্রতিষ্ঠানকে একসঙ্গে কাজ করে নেতৃত্ব তৈরির সংস্কৃতি গড়ে তুলতে হবে। ভবিষ্যতের রাজনীতি যেন কিছু মুখ বা পরিবারের হাতে না আটকে থাকে, বরং হয়ে ওঠে জনসম্পৃক্ত, দায়বদ্ধ এবং নবীন নেতৃত্বনির্ভর সেটাই আমাদের প্রত্যাশা।

লেখক ও সাংবাদিক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথের নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে মোট ১৫ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা গেছে, আটক হামিম হোসেনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

অন্যদিকে মামুন রেজা ও আল ইমতিয়াজ নাহিদের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।

গাংনীতে চিৎলা পাটবীজ খামারের শ্রমিকদের মানববন্ধন

মেহেরপুরের গাংনীর বাশবাড়িয়া গ্রামের এসএম ফয়েজকে চাদাবাজ আখ্যা দিয়ে মানববন্ধন করেছে গাংনীর চিৎলা পাট বীজ খামারের কর্মরত শ্রমিকরা।

আজ সোমবার দুপুর ১২ টার সময় চিৎলা পাটবীজ খামার শ্রমিক ইউনিয়নের ব্যানারে এই মানববন্ধনে অংশ গ্রহন করেন খামারের কয়েকশো শ্রমিক।

মানববন্ধনে বক্তব্য রাখেন শ্রমিক ইউনিয়নের সভাপতি আব্দুস সাত্তার, সাবেক সভাপতি ওমর আলী, সদস্য নাজিমুদ্দিন, শফিকুল ইসলাম কাদা, লিটন হোসেনসহ অনেকে।

মানববন্ধনে বক্তারা বলেন, গাংনী উপজেলার বাশবাড়িয়া গ্রামের এসএম ফয়েজ শ্রমিকদের সাথে চাদা দাবী করেন। চাদা না পেয়ে পাটবীজ খামারের কর্মরত শ্রমিকদের বিরুদ্ধে নানা ভাবে হয়রানী মুলক সংবাদ প্রকাশ কেও এসএম ফয়েজ।

শ্রমিকরা বলেন, ৫০০ টাকা হাজিরায় কাজ করে জীবিকা নির্বাহ করেন। অথচ সেই সব শ্রমিকদের সাথে চাদা দাবী করেন এসএম ফয়েজ। শফিকুল ইসলাম নামের এক শ্রমিক জানান, সাংবাদিক পরিচয়ে তার কাছ থেকে ৫ লক্ষ টাকা চাদা দাবী করেন এসএম ফয়েজ ।

ফয়েজকে কয়েক দফায় কিছু টাকাও দেয়া হয়। পুরো টাকা না দিতে পারায় তাকে নিয়ে মিথ্যা সংবাদ প্রকাশ করা হয়েছে এমন দাবী করেন তিনি। ফয়েজের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার দাবী জানান মানববন্ধনে অংশ গ্রহন কারীরা।

মেহেরপুরের ৭ নং ওয়ার্ডে পিআরএ কর্মশালা অনুষ্ঠিত

‘মেহেরপুর জেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন’ প্রকল্পের আওতায় মেহেরপুর পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডে পিআরএ কর্মশালার আয়োজন করেছে মেহেরপুর স্টুডেন্ট ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন (MESDA)।

রবিবার (২০ জুলাই) বিকেল সাড়ে ৪টার দিকে ৭ নম্বর ওয়ার্ডের কবি নজরুল শিক্ষা মঞ্জিল প্রাঙ্গণে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় উপস্থিত ছিলেন প্রজেক্ট ডিরেক্টর আহমেদ আখতারুজ্জামান, নগর উন্নয়ন অধিদপ্তরের কনসালটেন্ট ড. গাজী রহমান, রাকিব, নাঈমা, কামরুল, নবনীতা, প্রজেক্ট কো-অর্ডিনেটর সাব্বির আহমেদ এবং প্রজেক্টের প্ল্যানার সাইফুল রহমান আরমান, জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মেহেরপুর জেলা সমন্বয় কমিটির যুগ্ম সমন্বয়কারী আশিক রাব্বি, সদস্য হাসনাত জামান সৈকত প্রমুখ।

কর্মশালায় বক্তারা বলেন, স্থানীয় জনগণের অংশগ্রহণ নিশ্চিত করেই একটি কার্যকর ও টেকসই উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা সম্ভব। এই কর্মশালার মাধ্যমে এলাকাবাসীর মতামত ও চাহিদা সরাসরি উন্নয়ন পরিকল্পনায় প্রতিফলিত হবে।